গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

১, কাওরান বাজার, ঢাকা

www.epb.gov.bd

# ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩-এর আওতায় বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন রপ্তানি উন্নয়ন ব্যুরো হতে ছয় মাস মেয়াদে কিছু সংখ্যক ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো :

০১। আবেদনের যোগ্যতা :

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএ-এমবিএ, অর্থনীতি, পরিসংখ্যান, লোকপ্রশাসন, আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের ০২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী একজন প্রার্থী শুধু একবারই ইন্টার্নশিপ করতে পারবেন।

০২। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র স্বাক্ষর করতে হবে।

০৪। ইন্টার্ন প্রতি মাসে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ভাতা প্রাপ্য হবে। ইন্টার্নশিপ ভাতা ব্যতীত অন্য কোন ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৫। রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

০৬। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী ইন্টার্নশিপ ভাতা প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতি মাসে সুপারভাইজারের নিকট হতে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

০৭। ইন্টার্নশিপ কোনো চাকরি নয়। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন কর্মে নিয়োজিত রয়েছেন মর্মে কোনো প্রকার প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে, সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নশিপ সনদ প্রদান করা হবে।

০৮। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অধিকার হিসেবে গণ্য হবে না।

০৯। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত বা মৌখিক বা উভয় ধরনের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। প্রয়োজনে ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।

১১। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সম্পাদনকালে রপ্তানি উন্নয়ন ব্যুরো বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবেন না।

১৩। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৪। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.mopa.gov.bd-এ] (http://www.mopa.gov.bd-এ) প্রদত্ত ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ১২(গ) এ সংযোজিত ঘোষণাপত্র ও তাদের জীবনবৃত্তান্ত যথাযথভাবে পূরণ সাপেক্ষে আগামী ১৫-০১-২০২৬ তারিখ বিকাল ০৫ :০০টার মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো (ই-মেইল-vc@epb.gov.bd) বরাবর অথবা ডাকযোগে সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর দাখিল করতে হবে। ১৫-০১-২০২৬ তারিখ বিকাল ০৫ :০০টার পরে প্রেরিত মেইল/ডাকযোগে প্রেরিত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৫। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

(তরফদার সোহেল রহমান)
সচিব (উপসচিব), ইপিবি
ফোন নং: ০২-৫৫০১৩৪২০